

২৭/৫/২০০১

**ময়মনসিংহে মাদ্রাসা পরীক্ষার
প্রশ্ন ও উত্তরপত্রসহ**

৩ জন শ্রেণীর

ময়মনসিংহে প্রতিনিম্ন কেন্দ্রীয় পরিবর্তে দারোগার বাসায় পরীক্ষার প্রশ্ন দেওয়ার সময় আলিম ফিকাহ প্রথমপত্রের পরীক্ষা চলাকালে গতকাল শনিবার শহরের কুইপুর আলিয়া মাদ্রাসা কেন্দ্রের শিক্ষক ও প্রতিদাতাসহ ৩ জনকে শ্রেণীর করা হয়েছে। কর্তব্যরত ম্যাজিস্ট্রেট কাজী ওয়াছি উদ্দিন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে প্রস্বিরত অবস্থায় শফিকুল ইসলাম নামের এক যুবক এবং উক্ত মাদ্রাসার শিক্ষক এবি সিদ্দিক ও অফিস সহকারী জুলহাস উদ্দিনকে শ্রেণীর এবং প্রশ্ন ও উত্তরপত্র উদ্ধার করেন।

পুলিশ সূত্রে জানা যায়, গতকাল শহরের কুইপুর ডি এস আলিয়া মাদ্রাসায় ফিকাহ ১ম পত্র পরীক্ষা শুরু হওয়ার পূর্বে কৌশলে মাদ্রাসার শিক্ষক এবি সিদ্দিক ও অফিস সহকারী জুলহাস উদ্দিন প্রশ্ন এবং উত্তরপত্র আলাদাভাবে সরিয়ে রাখেন। পরে সেই প্রশ্ন ও উত্তরপত্র মাদ্রাসার পার্শ্বর্তী শাহজাহান নামের এক দারোগার কনায় নিয়ে পরীক্ষার্থিনি ফাতেমা খানমের পরীক্ষার প্রশ্ন দেওয়ার ব্যবস্থা করে দেন শফিকুল ইসলাম নামের এক যুবককে দিয়ে। এ সময় কেন্দ্রের কর্তব্যরত ম্যাজিস্ট্রেট কাজী ওয়াছি উদ্দিন গোপন সংবাদের ভিত্তিতে উক্ত বাসা থেকে পরীক্ষায় প্রস্বিরত অবস্থায় প্রথমে প্রশ্ন ও উত্তরপত্রসহ শফিকুল ইসলাম নামের যুবককে শ্রেণীর করেন। পরে তিনি এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে উক্ত মাদ্রাসা শিক্ষক এবি সিদ্দিক ও অফিস সহকারী জুলহাস উদ্দিনকেও শ্রেণীর করেন। উদ্ধারকৃত উত্তরপত্রের পরীক্ষার্থীকে হলে বুজে না পেয়ে তিনি কর্তৃপক্ষের কাছে হাজিরা শিট চাইলে তারা দেখাতে ব্যর্থ হন।